

# তথ্য-উপাত্ত নিরাপত্তায় মোবাইল ফোন অ্যান্টিভাইরাস

অনিমেষ চন্দ্র বাইন

প্রযুক্তির কল্যাণে পৃথিবী এখন অনেক দূর এগিয়েছে। মাত্র দুই দশক পেছনে ফিরে তাকালেই স্পষ্ট অনুভব করা যাবে প্রযুক্তি আমাদের কী দিয়েছে। এ সময়ের টেলিফোন যন্ত্রটির কথা চিন্তা করতে গেলে চোখের পর্দায় দেখা যে বস্তুটি স্পষ্ট হয়ে উঠবে তা হলো একটি ছোট স্পিকার, একটি বেল এবং মাইক্রোফোনের সাথে সংযুক্ত খানিকটা তার। সে সময় এই যন্ত্রটিই ছিল সম্ভবত যোগাযোগের সবচেয়ে দ্রুততম মাধ্যম এবং যা এর অত্যাধুনিক সংস্করণ মোবাইল ফোন। আর এই যন্ত্রটির অতি উন্নত সংস্করণ দিয়ে কথা বলাসহ ইন্টারনেট ব্রাউজিং, তথ্য-উপাত্ত নেয়া-দেয়া ছাড়াও কমপিউটারের মতো কাজে ব্যবহার হয়ে যা সাধারণের কাছে স্মার্টফোন নামে পরিচিত। আইফোন, ব্ল্যাকবেরির মতো অত্যাধুনিক মোবাইল ফোন তথা স্মার্টফোন আবিষ্কারের ফলে সামাজিক যোগাযোগের ওয়েবসাইট ফেসবুক, টুইটার প্রভৃতি ব্রাউজিং, মিউজিক, অ্যাপ্লিকেশন ও ফাইল ডাউনলোড সম্ভব হয়েছে। উন্নত ও আধুনিক প্রযুক্তির এই ফ্যাশনেবল ফোনগুলো অনেক দাম দিয়ে কিনলেও এর ব্যবহারকারীরা ভাইরাসের আক্রমণ থেকে রক্ষা পাওয়ার বিষয়ে কতটা যথেষ্ট সচেতন তা নিয়ে সংশয় রয়েছে।



স্মার্টফোন ব্যবহারকারীরা এখন নানা ধরনের তথ্য, যেমন ব্যক্তিগত বিভিন্ন ধরনের তথ্য, ই-মেইলের বিস্তারিত তথ্য, গুরুত্বপূর্ণ যোগাযোগের ঠিকানা, পাসওয়ার্ড ও ক্রেডিট কার্ডের বিস্তারিত তথ্য সংরক্ষণ করে রাখেন। বর্তমানে স্মার্টফোনে সংযোজন করা হয়েছে জিপিএস তথা গ্লোবাল পজিশনিং সিস্টেম ডিভাইস। এর সাহায্যে খুব সহজেই ব্যক্তির অবস্থান জানা সম্ভব। এছাড়াও এসব স্মার্টফোন দিয়ে তোলা ছবি বিশ্লেষণ করে ওই ছবি কোথা থেকে তোলা হয়েছে তা নির্ণয় করা যায় খুব সহজে। এসব তথ্য ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য গুরুত্বপূর্ণ তাতে কোনো সন্দেহ নেই। সুতরাং এই তথ্য-উপাত্ত নিরাপদ রাখা খুবই দরকার।

ইন্ডিপেন্ডেন্ট সিকিউরিটি ইভাল্যুয়েটরের প্রধান নিরাপত্তা বিশ্লেষক চার্লস মিলার মনে করেন, খুব সাধারণ বুদ্ধি খাটিয়েই আপনার কমপিউটারটি যেকোনো ধরনের ভাইরাসের আক্রমণ থেকে রক্ষা করা সম্ভব। তিনি আরো বলেন, গত ১০ বছর ধরে সাধারণকে বোঝানো হচ্ছে, আপনার ই-মেইলে এমন অনেক মেইল আসে যেখানে অনেক লিঙ্ক থাকে। এসব লিঙ্কে ক্লিক করে সাইট ভিজিট করবেন না বরং লিঙ্কটি কপি করে পৃথক ব্রাউজারে নিয়ে ভিজিট করুন। কিন্তু স্মার্টফোন ব্যবহারকারীরা এক্ষেত্রে প্রায়ই ভুল করে থাকেন।

এসব ক্ষেত্রে সমাধান হতে পারে মোবাইল অ্যান্টিভাইরাস ব্যবহার করা। বিভিন্ন সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান স্মার্টফোন ব্যবহারকারীদের জন্য অ্যান্টিভাইরাস সফটওয়্যার ডেভেলপ করেছেন, যা উন্নত প্রযুক্তির আধুনিক ফোন ব্যবহারকারীদের তথ্য-উপাত্তের নিরাপত্তা দিতে পারে।

স্মার্টফোন ব্যবহারকারীদের জন্য শীর্ষ ৮টি মোবাইল অ্যান্টিভাইরাস থেকে পছন্দমতো একটি বেছে নিতে পারেন যা আপনার তথ্য-উপাত্ত নিরাপদে সংরক্ষণ করতে সহায়তা করবে।

***AhnLab* মোবাইল সিকিউরিটি :** উইন্ডোজ মোবাইল, সিম্বিয়ান ও পাম ওএসযুক্ত স্মার্টফোন ব্যবহারকারীরা ভাইরাস ও ওয়ার্মস থেকে মুক্ত থাকতে এটি ব্যবহার করতে পারেন। global.ahnlab.com/en/site/main/main.do

***এভাস্ট! পিডিএ এডিশন :*** পিসি এবং ল্যাপটপ ব্যবহারকারীদের কাছে এভাস্ট! সুপরিচিত একটি নাম। ALWIL সফটওয়্যার কোম্পানির তৈরি করা এই অ্যান্টিভাইরাস যেসব অপারেটিং সিস্টেমযুক্ত স্মার্টফোনগুলোতে সঠিকভাবে কাজ করবে সেগুলো হলো উইন্ডোজ মি, পাম ওএস এবং পকেট পিসি। avast.com/pda-edition

***অ্যাভাইরা অ্যান্টিভার মোবাইল :*** অন্যান্য অ্যান্টিভাইরাসের সাথে প্রতিযোগিতায় অ্যাভাইরা বিশেষ অবস্থানে রয়েছে। এই জনপ্রিয়তাকে কাজে লাগিয়ে পকেট পিসি ও স্মার্টফোন ব্যবহারকারীদের তথ্য-উপাত্তসমূহের সুরক্ষা দিতে বাজারে এসেছে অ্যাভাইরা অ্যান্টিভার মোবাইল প্রফেশনাল অ্যান্টিভাইরাস। জার্মান সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান অ্যাভাইরা GmbH-এর অ্যান্টিভাইরাসটি ভাইরাস ও ম্যালওয়্যার থেকে নিরাপত্তা দেবে। কার্যক্ষমতা যাচাই করার জন্য স্মার্টফোন ব্যবহারকারীদের ৩০ দিনের ফ্রি সংস্করণ ওয়েবসাইটে রাখা হয়েছে। avira.com/en/products/avira_antivir_mobile.html

***বিটডিফেন্ডার মোবাইল সিকিউরিটি :*** শুধু উইন্ডোজ মোবাইল ও সিম্বিয়ান স্মার্টফোন ব্যবহারকারীদের স্থায়ী নিরাপত্তা দেবে বিটডিফেন্ডার। সহজে ব্যবহারযোগ্য এই মোবাইল সিকিউরিটি অ্যান্টিভাইরাস স্মার্টফোন ডিভাইসের ওপর কোনো প্রভাব ফেলবে না। bitdefender.com/PRODUCT-2149-en--BitDefender-Mobile-Security-v2.html

***বুলগার্ড মোবাইল অ্যান্টিভাইরাস :*** পকেট পিসি ও স্মার্টফোনের জন্য ক্ষতিকর প্রোগ্রাম যেমন ভাইরাস, ওয়ার্ম ও ট্রোজানস থেকে মুক্ত রাখতে বুলগার্ড অত্যন্ত কার্যকর বলে দাবি করছে প্রস্তুতকারী প্রতিষ্ঠান। এর ১৪ দিনের ফ্রি ভার্সন ওয়েবসাইট থেকে ডাউনলোড করে ব্যবহার করে নিতে পারেন ব্যবহারকারীরা। bullguard.com/why/bullguard-mobile-antivirus.aspx

***ড. ওয়েব মোবাইল সিকিউরিটি স্যুইট :*** স্মার্টফোন ব্যবহারকারীরা ড. ওয়েব মোবাইল সিকিউরিটি স্যুইট বিনামূল্যে ব্যবহার করতে পারেন। এর পরিপূর্ণ প্যাকেজ ওয়েবসাইট থেকে ডাউনলোড করার পাশাপাশি অনুরোধের ভিত্তিতে ডেমো ভার্সন ব্যবহার করা যাবে। http://download.drweb.com/win_mobile/

***ক্যাসপারস্কি মোবাইল সিকিউরিটি :*** এসএমএস, ইএমএস ও এমএমএসের জন্য অ্যান্টিস্প্যাম সুবিধা রয়েছে ক্যাসপারস্কি মোবাইল সিকিউরিটিতে। এছাড়াও ফায়ারওয়াল, অ্যান্টি-থিফট ও অ্যান্টিভাইরাস নিরাপত্তা সুবিধা থাকছে এই মোবাইল সিকিউরিটিতে। kaspersky.com/kaspersky_mobile_security

***নরটন স্মার্টফোন সিকিউরিটি :*** সুপরিচিত সফটওয়্যার নিরাপত্তা নির্মাতা প্রতিষ্ঠান সিমেনটিকের স্মার্টফোন সিকিউরিটিতে রয়েছে অ্যান্টিস্প্যাম, ফায়ারওয়াল নিরাপত্তা বলয়। এর সাহায্যে স্মার্টফোন ব্যবহারকারীরা নির্ভাবনায় রাখতে পারেন তাদের গুরুত্বপূর্ণ তথ্যসমূহ। symantec.com/norton/smartphone-security norton-smartphone-antivirus

স্মার্টফোনকে ভাইরাস, স্প্যামমুক্ত রাখতে অ্যান্টিভাইরাস ব্যবহারের পাশাপাশি নিজের সচেতন থাকাটা অত্যন্ত জরুরি। কারণ অসচেতনতাই বড় ধরনের ক্ষতির কারণ হতে পারে। এই ক্ষেত্রে কয়েকটি দিক বিশেষভাবে লক্ষ রাখতে হবে। ব্লুটুথের মাধ্যমে তথ্য নেয়া-দেয়া না করা। থার্ডপার্টি সফটওয়্যার ইনস্টল, গেমস, রিংটোনস ও ওয়ালপেপারস ইত্যাদি ব্যবহার করার ক্ষেত্রে যথেষ্ট সাবধানতা অবলম্বন করা পারতপক্ষে পরিহার করা।

ফিডব্যাক : animesh@letbd.com